দৈনিক বাংলা

তারিখ 29 APR 1986
পৃষ্ঠা 3 কলাম 1

010

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ইঞ্জিনীয়ারিং কলেজ, চট্টগ্রাম

# ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

**শিক্ষাবর্ষ: ১৯৮৫-৮৬**

চট্টগ্রাম ইঞ্জিনীয়ারিং কলেজে চার বৎসর মেয়াদী বিএসসি ইঞ্জিনীয়ারিং কোর্সের প্রথম বর্ষে ১৮০ (এক শত আশি)টি আসনে ভর্তির জন্য উপযুক্ত প্রার্থীদের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে। দরখাস্তের ফরম এবং সংশ্লিষ্ট কাগজপত্র অধ্যক্ষের দফতর হইতে আগামী ৩রা মে/১৯৮৬ ইং হইতে ২রা জুন/১৯৮৬ ইং-এর মধ্যে শুক্রবার ব্যতীত সকল কর্মদিবসে (সকাল ৮টা হইতে দুপুর ১টার মধ্যে) ব্যক্তিগতভাবে বা লোক মারফত সংগ্রহ করা যাইবে। ফরম সংগ্রহের সময় 'সভাপতি, ভর্তি কমিটি, ইঞ্জিনীয়ারিং কলেজ, চট্টগ্রাম'-এর অনুকূলে ৩০/- (ত্রিশ) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট প্রদান করিতে হইবে। এই ব্যাংক ড্রাফট বাংলাদেশ কৃষি ব্যাংক-এর যে কোন শাখা হইতে বাংলাদেশ কৃষি বাংক, পাহাড়তলী, চট্টগ্রাম শাখার প্রতি অথবা সোনালী ব্যাংক-এর যে কোন শাখা হইতে সোনালী ব্যাংক, পাহাড়তলী (চৌমুহনী) চট্টগ্রাম শাখার প্রতি হইতে হইবে। অত্র কলেজের পার্শ্ববর্তী বাংলাদেশ কৃষি ব্যাংক পাহাড়তলী, চট্টগ্রাম শাখা অথবা সোনালী ব্যাংক, পাহাড়তলী (চৌমুহনী), চট্টগ্রাম শাখার পে-অর্ডারও গ্রহণযোগ্য। উক্ত ড্রাফট অথবা পে-অর্ডার-এর পরিবর্তে নগদ টাকা, পোস্টাল অর্ডার, অন্য কোন ব্যাংকের উপর ড্রাফট বা চেক গ্রহণ করা হইবে না।

ডাকযোগে আবেদনপত্রের ফরম সংগ্রহের জন্য প্রার্থীকে একখানা অনুরোধপত্রের সাথে উপরোক্ত ৩০/- (ত্রিশ) টাকার ব্যাংক ড্রাফট এবং নিজ ঠিকানা সংবলিত ৭/- (সাত) টাকার অব্যবহৃত ডাক টিকেট লাগানো ৫"×১১" সাইজের একটি খাম অধ্যক্ষের দফতরে ২৮শে মে, ১৯৮৬ ইং-এর মধ্যে পৌঁছাইতে হইবে। এই ধরনের অনুরোধপত্রের উপর 'ভর্তির আবেদনপত্র' লিখিয়া দিতে হইবে।

**প্রার্থীর যোগ্যতা:**

(ক) বিদেশীদের জন্য নির্ধারিত আসনের প্রার্থী ব্যতীত অন্যান্য সকল প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

(খ) সকল প্রার্থীকে ১৯৮১ সাল ও তৎপরবর্তী যে কোন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। ১৯৮১ সালের অনুষ্ঠিত মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় 'অনিয়মিত পরীক্ষার্থীরা' আবেদন করিবার যোগ্য নয়।

(গ) ১৯৮৩, ১৯৮৪ ও ১৯৮৫ সালের উচ্চ মাধ্যমিক বা ইহার সমমানের পরীক্ষায় নিম্নবর্ণিত নম্বর পাইয়া কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে। গণিত, পদার্থবিদ্যা ও রসায়নশাস্ত্র পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত থাকিতে হইবে।

| উচ্চমাধ্যমিক বা ইহার সমমানের পরীক্ষার বৎসর | শতকরা ন্যূনতম নম্বর (গণিত, পদার্থ ও রসায়নে মিলিতভাবে) | শতকরা ন্যূনতম নম্বর (গণিত পদার্থ ও রসায়ন প্রত্যেকটিতে) |
|---|---|---|
| ১৯৮৫ | ৫৮% | ৫০% |
| ১৯৮৪ | ৬০% | ৫০% |
| ১৯৮৩ | ৬০% | ৫০% |

(ঘ) মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় এবং উচ্চ মাধ্যমিক বা ইহার সমমানের পরীক্ষায় যে কোন বিষয়ে পাসের জন্য অথবা দ্বিতীয় বিভাগ অর্জনের ক্ষেত্রে কোন গ্রেস নম্বর থাকিতে পারিবে না।

(ঙ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রকৌশল ডিপ্লোমার যে কোন শাখায় ১৯৮৩ অথবা তৎপরবর্তী কোন সালের পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ ডিপ্লোমাধারীরাও প্রার্থী হইবার যোগ্য। এইরূপ প্রার্থীকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কোনরূপ গ্রেস নম্বর ব্যতীত কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে।

(চ) বাংলাদেশের সকল উপজাতীয় প্রার্থী এবং বান্দরবানের উপজাতীয় প্রার্থীদের জন্য সংরক্ষিত যথাক্রমে ৭ (সাত)টি ও ৩ (তিন)টি আসনের জন্য ভর্তি পরীক্ষা বাধ্যতামূলক এবং তাহাদের যোগ্যতা উপরোক্ত (খ), (গ) ও (ঘ)-এর অনুরূপ হইতে হইবে।

সেনাবাহিনীর ২৪তম ডিভিসনের জিওসি-এর মনোনীত বান্দরবানের উপজাতীয় প্রার্থী, কক্সবাজারের 'রাখাইন' উপজাতীয় প্রার্থী এবং পার্বত্য চট্টগ্রাম সমন্বয় কমিটির চেয়ারম্যানের মনোনীত 'বৃহত্তর পার্বত্য চট্টগ্রামের উপজাতীয়' প্রার্থীদের জন্য যথাক্রমে ১ (এক)টি, ১ (এক)টি এবং ৪ (চার)টি আসন সংরক্ষিত আছে।

সেনাবাহিনীর অফিসার ও বিদেশী প্রার্থীদের জন্য যথাক্রমে ৪ (চার)টি ও ৩ (তিন)টি আসন সংরক্ষিত আছে।

**অন্যান্য জ্ঞাতব্য বিষয়:**

(ক) ভর্তির আবেদনপত্র সরাসরি বা ডাকযোগে 'চেয়ারম্যান, ভর্তি কমিটি, ইঞ্জিনীয়ারিং কলেজ, চট্টগ্রাম'-এর নিকট পৌঁছানোর শেষ তারিখ ৩রা জুন, ১৯৮৬ ইং অপরাহ্ন ৩-০০ ঘটিকা পর্যন্ত।

(খ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়: ২৫শে জুন, ১৯৮৬ ইং বুধবার, সকাল ৯টা হইতে ১টা পর্যন্ত (৪ ঘন্টা)।

(গ) পরীক্ষার বিষয়: গণিত, পদার্থবিদ্যা, রসায়নশাস্ত্র ও ফাংশনাল ইংলিশ।

**যে কোন ক্ষেত্রে ডাক বিভ্রাট বা বিলম্বের জন্য কর্তৃপক্ষ কখনও দায়ী থাকিবে না।**

ভর্তির নিয়মাবলী ও অন্যান্য বিস্তারিত বিবরণ ভর্তির আবেদনপত্রের সহিত সরবরাহ করা হইবে।

(সৈয়দ মতিনুর রশীদ)
সভাপতি
ভর্তি কমিটি
এবং
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
ইঞ্জিনীয়ারিং কলেজ, চট্টগ্রাম।

ডিএফপি(স)—৬৮৫৭(২)২৬-৪ জি—১৫৩৫